স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ৫ কোর্স : MJBENG11

বাংলা উপন্যাস

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৮০

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক- ১

১। বঙ্কিমচন্দ্র রাজসিংহের প্রবেশ দৃশ্যটিকে উপন্যাসে কীভাবে হিন্দুর বাহুবলের সূচক করে তুলেছেন আলোচনা করো। ১৫

২। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের প্রসঙ্গ 'রাজসিংহ' উপন্যাসের উপসংহারে কেন আনা হল তা এই রচনার ঘটনাসূত্রে আলোচনা করো। ১৫

একক-২

৩। 'পুরাতনের ছায়া দেখিয়াই হৃদয় নূতনে আকৃষ্ট হইয়াছে, অথবা নূতনে মুগ্ধ হইয়া সহসা পুরাতন লাভ করিয়াছি? কাহাকে ভালোবাসিতে এ কাহাকে ভালোবাসিয়াছি?' --- 'কাহাকে?' উপন্যাস অবলম্বনে এ কথার মর্ম ব্যাখ্যা করো। ১৫

৪। 'হায় মিলন হলো!' গানটি কীভাবে 'কাহাকে?' উপন্যাসের ভরকেন্দ্র হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও। ১৫

একক-৩

৫। 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে ঢোঁড়াই-এর জীবনের প্রতিটি বাঁকেই একজন করে নারী আছে। আলোচনা করো। ১৫

৬। 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে বর্ণিত সাধারণ মানুষের জীবনে বৃহৎ ভারতবর্ষের রাজনীতি কীভাবে প্রভাব বিস্তার করেছে দেখাও। ১৫

একক – ৪

৭। রাজনৈতিক উপন্যাস হিসেবে 'হাজার চুরাশির মা' রচনাটির সার্থকতা বিচার করো। ১৫

৮। 'উচ্চবিত্ত পরিবারের গৃহবধূ হয়েও সুজাতা মধ্যবিত্তের শ্রেণি চেতনায় উজ্জ্বল'— 'হাজার চুরাশির মা' অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**) ২×৫ =১০

ক. দরিয়া বিবি

খ. রমানাথ

গ. বৌকা বাওয়া

ঘ. 'হাজার চুরাশির মা' উপন্যাসে বাংলাদেশ মুক্তিযুদ্ধ প্রসঙ্গ

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো **পাঁচটি**) ৫×২ =১০

ক. ''রাজসিংহ' উপন্যাসের অন্তিম সংস্করণের প্রকাশকাল উল্লেখ করো। প্রসঙ্গত জানাও এর আগে এই উপন্যাসের ক'টি সংস্করণ প্রকাশিত হয়েছে।

খ. চঞ্চলকুমারী কোন রাজ্যের রাজকুমারী? তাঁর পিতা কোন বংশের রাজা ছিলেন?

গ. মণির বাবার নাম কী? ছোটুর ভালো নাম কী?

ঘ. 'কাহাকে?' উপন্যাসের ইংরেজি অনুবাদের নাম এবং অনুবাদকের নাম লেখো।

ঙ. 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসের প্রথম চরণে ক'টি কাণ্ড আছে জানাও এবং যে-কোনো একটি কাণ্ডের নাম লেখো।

চ. তাৎমারা ধাঙড়দের কী বলত? ক্রান্তিদলে ঢোঁড়াইয়ের নতুন নামকরণ কী হয়েছিল?

ছ. 'হাজার চুরাশির মা' কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? বইটি কয়টি পর্বে বিন্যস্ত?

জ. 'হাজার চুরাশির মা' উপন্যাসের ঘটনাপ্রবাহ একটি বিশেষ দিনের, সেই দিনটির তাৎপর্য কী?

স্নাতক (মেজর) পরীক্ষা-২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ৫ কোর্স: MJBENG12

বাংলা ছোটোগল্প

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্প অবলম্বনে 'নীড় বাঁধবার' ও 'নীড়ভাঙার' মর্মার্থ বুঝিয়ে দাও। ১৫

২। 'পুঁই মাচা' গল্পের সমাপ্তিতে যে পুঁই-এর প্রসঙ্গ রয়েছে, তার অন্ততপক্ষে তিনটি তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

একক-২

৩। 'অবতরণিকা' গল্পে আরতির লড়াই একইসঙ্গে কর্মজীবনে ও সংসার জীবনে। —এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আরতি চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৪। 'বাঁয়েন' গল্পে মহাশ্বেতা দেবী যে সামাজিক প্রথার চিত্র অঙ্কন করেছেন তা বিস্তারিত উল্লেখ করে এই প্রথা থেকে উত্তরণের পথ কীভাবে দেখিয়েছেন তা আলোচনা করো। ১২+৩=১৫

একক-৩

৫। 'উদ্বাস্তু' গল্পে সত্যব্রত গভর্নমেন্ট কর্তৃক কোন কোন অভিযোগে উদ্বাস্তু তা আলোচনা করো। ১৫

৬। মতি নন্দীর 'শবাগার' গল্পে সময় কী ভাবে 'শব'-এ রূপান্তরিত হয়েছে তা তোমার ভাষায় লেখো। ১৫

একক-৪

৭। 'ঢোল সমুদ্র' গল্পে তাবিজ প্রহ্লাদকে রক্ষা করতে পারেনি, শেষপর্যন্ত নিজের লড়াইটা নিজেকেই লড়তে হয়েছে। গল্পের শেষে তাবিজবিহীন নতুন প্রহ্লাদের জন্মের ইঙ্গিত আছে। আলোচনা করো। ১৫

৮। অমর মিত্র রচিত 'দানপত্র ১' গল্পটি লেখা হয়েছে দলিলের আঙ্গিকে; অথচ তার ভিতরে গভীরভাবে ধরা পড়েছে সাঁওতাল জাতির বঞ্চনার ইতিহাস। আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) 'তাহার মনশ্চক্ষে কেবল ভাসিয়া উঠিয়াছিল উহাদের সবল তরুণ বাঘটির কথা।'

(খ) 'কানাকড়ি' গল্পের সাবিত্রী

(গ) অশ্বমেধের ঘোড়া' গল্পে কলকাতার রাস্তা

(ঘ) 'হেঁসো' গল্পের রোশনি

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো **পাঁচটি**): ৫x২=১০

(ক) 'প্রাগৈতিহাসিক' গল্পটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) 'সার ট্রিক্ সি টার্নকোট' কোন গল্পের অংশ? বক্তা কোন প্রসঙ্গে কথাটি বলেছেন?

(গ) বরফ সাহেবের মেয়ের নাম কি এবং তার ক'জন বন্ধু ছিল?

(ঘ) 'কানাকড়ি' গল্পটি কার লেখা এবং এই গল্পের নায়কের নাম কি?

(ঙ) 'উদ্বাস্তু' গল্পটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়েছিল?

(চ) ধুলোউড়ির মাঠে ঘূর্ণিঝড় কীভাবে মুকুট তৈরি করেছিল?

(ছ) 'আমরা সব যে গোপিনী বাবা' কার উক্তি? তারা নিজেদের গোপিনী বলেছেন কেন?

(জ) 'গগন চৌধুরীর স্টুডিও' অবলম্বনে কে চলচ্চিত্র নির্মাণ করেন? চিত্রনাট্য কে রচনা করেছিলেন?

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ৫ কোর্স: MJBENG13

বাংলা নাটক

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'কৃষ্ণকুমারী' নাটকের গঠনে মধুসূদন কাল, স্থান ও ক্রিয়ার ঐক্য নিয়ে কী ভেবেছেন, এবং নাটকে তার কতটা প্রতিফলন হয়েছে আলোচনা করো। ১৫

২। 'কৃষ্ণকুমারী' নাটকের বিষয়বস্তুকে মধুসূদন মনে করেছিলেন ঘটনা-শূন্য বা 'barren of incidents'। এই অভাব পূরণের জন্য মধুসূদন কী জাতীয় চরিত্র সংযোজন করতে চেয়েছিলেন, তা উল্লেখ করে দেখাও যে, এর ফলে নাটকটির গুণাগুণ বেড়েছে না কমেছে। ১৫

একক-২

৩। 'নবান্ন' নাটকে গ্রামের মানুষদের গ্রাম ছেড়ে আসার কারণগুলি নির্দেশ করো। এই নাটকে তাঁরা আবার কেন গ্রামে ফিরে গেলেন? গ্রামে ফেরার পর সেখানে কীভাবে তাঁদের জীবন পুনর্গঠিত হল সে বিষয়ে তোমার অভিমত দাও। ৫+৫+৫=১৫

৪। 'নবান্ন' নাটকে শহুরে রিপোর্টারদের ও অসহায় ডাক্তারবাবুর গ্রামের মানুষদের প্রতি মনোভঙ্গির পরিচয় দাও। ৮+৭=১৫

একক-৩

৫। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিৎ-এর মানসিকতার পরিচয় দাও। ১৫

৬। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে প্রতিফলিত অমল-বিমল-কমলদের যাপন সম্পর্কে আলোচনা করো। ১৫

একক-৪

৭। 'নাথবতী অনাথবৎ'— এই নামকরণের মাধ্যমে শাঁওলী মিত্র যে বার্তা পৌঁছে দিতে চান, তা ব্যাখ্যা করো। ১৫

৮। 'আর জন্মে তুমি কেবল আমার হোয়ো ভীম'— সংলাপটির সূত্রে 'নাথবতী অনাথবৎ'-এ দ্রৌপদীর মনোভঙ্গির পরিচয় দাও। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) মদনিকা

(খ) প্রধান

(গ) অ্যাবসার্ড নাটক

(ঘ) ভীম

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

(ক) টডের রাজস্থানে বিলাসবতীর কী নাম পাওয়া যায় এবং মধুসূদন চিঠিতে এই নামটির কী অনুবাদ করেছেন?

(খ) ধনদাস চরিত্রটির সূত্রে মধুসূদন শেক্সপিয়রের কোন নাটকের কোন চরিত্রের কথা উল্লেখ করেছেন?

(গ) 'নবান্ন' ছাড়া বিজন ভট্টাচার্য রচিত আরও দুটি নাটকের নাম লেখো।

(ঘ) গণনাট্যের ভাবগত ও রূপগত দুটি বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(ঙ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? নাটকটিতে কটি অঙ্ক আছে?

(চ) 'তোমার আমার নির্মল হবার আর উপায় নেই'— কে, কার উদ্দেশে এই সংলাপটি উচ্চারণ করেছে?

(ছ) 'ইরাবতীদিদি' কে? তাঁর লেখা একটি বইয়ের নাম লেখো।

(জ) 'দ্রৌপদী সর্বাধিক ভালোবেসেছিলেন অর্জুনকে, সেই পাপে'— কে, কাকে একথা বলেছে?

Four Year Undergraduate Examination 2025 (NEP)
Sem-V (Minor Bengali)
Course: MNBENG03A
লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

Time: 3 Hours Full Marks: 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**৯ নম্বর** প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে।

**একক – ১**

১। লোকসংস্কৃতির সংজ্ঞা ও স্বরূপ উল্লেখ করে যে-কোনো একটি লোকসংস্কৃতির ধারা সম্পর্কে আলোচনা করো। ২+৩+১০= ১৫

২। লোককথার টাইপ ও মোটিফ সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো। ৮+৭= ১৫

**একক – ২**

৩। লোকছড়ার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে লোকসমাজ লোকছড়ায় কীভাবে প্রতিফলিত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

৪। রূপকথা কাকে বলে? রূপকথার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা রূপকথায় এই বৈশিষ্ট্য কতখানি লক্ষ করা যায় তা আলোচনা করো। ২+৩+১০= ১৫

**একক – ৩**

৫। ধাঁধার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে বাংলা ধাঁধার বিষয়-বৈচিত্র্য সম্পর্কে যা জানো লেখো। ২+৩+১০ = ১৫

৬। বাংলা প্রবাদে নারীসমাজ কীভাবে চিত্রিত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

**একক – ৪**

৭। 'মহুয়া' পালায় তৎকালীন সমাজ জীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১৫

৮। 'মহুয়া' পালায় মহুয়া চরিত্র সৃজনে কবির কৃতিত্ব নিরূপণ করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **চারটি**): ৪X৫ = ২০

(ক) লোকবিশ্বাস ও লোকসংস্কার

(খ) লোকবিজ্ঞান ও লোকপ্রযুক্তি

(গ) ছেলেভুলানো ছড়া

(ঘ) সেঁজুতি ব্রত

(ঙ) ধাঁধার আঙ্গিক

(চ) প্রবাদের বিষয়-বৈচিত্র্য

(ছ) ব্যালাড ও গীতিকা

(জ) দীনেশচন্দ্র সেন